সংবাদ

তারিখ 28 DEC 2015
১৬ কলাম ২

সিন্ডিকেট সভার সর্বসম্মত সিদ্ধান্ত

# পাকিস্তানের সঙ্গে কোন সম্পর্ক রাখবে না রোকেয়া বিশ্ববিদ্যালয়

জেলা বার্তা পরিবেশক, রংপুর

পাকিস্তানের সঙ্গে একাডেমিক, প্রফেশনাল ও গবেষণা বিষয়ক কোন প্রকার সম্পর্ক না রাখার সিদ্ধান্ত নিয়েছে রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়। শনিবার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, অধ্যাপক ড. একেএম নূর-উন-নবীর সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৪৭তম সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। উপাচার্য জানান, পাকিস্তানের নানা বিতর্কিত কার্যক্রম প্রমাণ করে তারা এখনও বাংলাদের অস্তিত্ব স্বীকার করে না। ১৯৭১ সালে পাকিস্তান বাঙালিদের ওপর যে বর্বর হামলা চালিয়েছে তারা এখনও সেই ভুল স্বীকার করে না এবং সেই সময়ের ক্ষতিপূরণ তারা এখনও দেয়নি। সর্বশেষ ১৯৭১ সালের মানবতাবিরোধী অপরাধীদের বিচার নিয়েও তারা নানা বিতর্কিত বক্তব্য উপস্থাপন করে আসছে। সুতরাং পাকিস্তান যতদিন তাদের কৃতকর্মের ভুল স্বীকার না করবে ততদিন পর্যন্ত পাকিস্তানের সঙ্গে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের কোন রোকেয়া : পৃষ্ঠা : ২ ক. : ৪

## রোকেয়া : বিশ্ববিদ্যারয়

(১৬ পৃষ্ঠার পর)

সম্পর্ক থাকবে না। এমনকি পাকিস্তানের কোন জার্নালে প্রকাশিত প্রবন্ধ এই বিশ্ববিদ্যালয়ে গ্রহণযোগ্য হবে না। একইভাবে পাকিস্তান থেকে কেউ প্রবন্ধ প্রেরণ করলে এই বিশ্ববিদ্যালয়ের কোন জার্নালে প্রকাশ করা হবে না।